

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

www.dme.gov.bd

স্মারক নংঃ ৫৭.২৫.০০০০.০০৩.০২.১৯.১৭-৫২২

তারিখঃ ১৮.০৭.২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ ১২তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ ও এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত জনাব জাকিয়া জামান, রোল নং-৩১২০৩৫৮৭ কে খোশবাজার এস. ডি কামিল মাদরাসায় যোগদানের ব্যবস্থা গ্রহণপূর্বক মাদরাসা শিক্ষা অধিদপ্তরকে অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র (১) আবেদনকারী জনাব জাকিয়া জেরিন আবেদন

তারিখঃ ১৭.০৭.২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারক মূলে জনাব জাকিয়া জামান কর্তৃক মাদরাসা শিক্ষা অধিদপ্তরে এটি আবেদন দাখিল করা হয়।

০২. দাখিলকৃত আবেদনে জনাব জাকিয়া জামান কর্তৃক জানানো হয়েছে যে, তিনি (জনাব জাকিয়া জামান) ১২তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় ঠাকুরগাঁও জেলায় কৃষি বিজ্ঞান বিভাগে ১ম স্থান অধিকার করেন।

০৩.সেমতে বেসরকারি শিক্ষক নিবন্ধন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)কর্তৃক তাঁকে (জনাব জাকিয়া জামান) ঠাকুরগাঁও জেলার সদর উপজেলাস্থ খোশবাজার ডি,এস কামিল মাদরাসায় যোগদানের জন্য সুপারিশ করা হয়।

০৪. এনটিআরসিএ এর সুপারিশ মোতাবেক যথাসময়ে জনাব জাকিয়া জামান খোশবাজার ডি,এস কামিল মাদরাসায় যোগদান করতে গেলে মাদরাসা কর্তৃপক্ষ কর্তৃক তাঁকে যোগদান করতে অসম্মতি জ্ঞাপন করা হয় মর্মে জনাব জাকিয়া জামান কর্তৃক মাদরাসা শিক্ষা অধিদপ্তরে দাখিলকৃত অভিযোগ আবেদনে উল্লেখ করা হয়েছে।

০৫. পরবর্তীতে জনাব জাকিয়া জামান বিষয়টি বেসরকারি শিক্ষক নিবন্ধন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)কে অবহিত করলে (এনটিআরসিএ) কর্তৃক মাদরাসা কর্তৃপক্ষকে জনাব জাকিয়া জেরিনকে খোশবাজার এস.ডি কামিল মাদরাসায় যোগদানের নির্দেশনা প্রদান করা হয় মর্মে আবেদনকারী কর্তৃক আবেদনে উল্লিখিত হয়েছে।

০৬. এনটিআরসিএ এর নির্দেশনা মোতাবেক জনাব জাকিয়া জেরিন খোশবাজার ডি,এস কামিল মাদরাসায় যোগদান করতে গেলে তাঁকে যোগদান না করিয়ে ফিরিয়ে দেয়া হয় মর্মে জনাব জাকিয়া জামান কর্তৃক তাঁর আবেদনে উল্লেখ করা হয়েছে।

০৭. এর প্রেক্ষিতে আবেদনকারী জনাব জাকিয়া জামান তাঁর যোগদান বিষয়ে সৃষ্ট জটিলতা নিরসনের জন্য মাদরাসা শিক্ষা অধিদপ্তরে আবেদন করেন।

০৮. এনটিআরসিএ সরকার তথা শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন একটি প্রতিষ্ঠান। এনটিআরসিএ'র নির্দেশনা প্রতিপালন না করে মাদরাসা (খোশবাজার ডি,এস কামিল) কর্তৃপক্ষ কর্তৃক সরকারের নির্দেশনা অমান্য করা হয়েছে মর্মে স্পষ্ট প্রতীয়মান হয়। সেমতে শিক্ষা মন্ত্রণালয়ের ২৪.০৩.২০১৩ তারিখে জারিকৃত (শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা-১৩/এমপিও নীতিমালা সংশোধন/২০১২//৮৭ তারিখ: ২৪ মার্চ, ২০১৩ ইং) পল্লিপত্রের ১৮ এর খ অনুচ্ছেদ মোতাবেক মাদরাসা (খোশবাজার ডি,এস কামিল মাদরাসা) কর্তৃপক্ষ মাদরাসাটির এমপিও স্থগিত/কর্তন/ বাতিল যোগ্য অপরাধ করেছেন মর্মে প্রতীয়মান হয়।

০৯. জনাব জাকিয়া জেরিন এর যোগদান সংক্রান্ত বিষয়টি সুরাহা হওয়া প্রয়োজন।

১০. এমতাবস্থায় জনাব জাকিয়া জেরিনকে তাঁর স্বপদে যোগদানের ব্যবস্থা গ্রহণপূর্বক যোগদানের বিষয়টি আগামি ৩০.০৭.২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে মাদরাসা শিক্ষা অধিদপ্তরকে অবহিত নিশ্চিতকরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ব্যর্থতায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

অধ্যক্ষ

খোশবাজার এস. ডি কামিল মাদরাসা, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও

18.07.17

মো: আফাজ উদ্দীন

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৯৩৪৫৮৮০

ই-মেইল-dgdmeb@gmail.com

অনুলিপি:

১. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা
২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রংপুর অঞ্চল।
৩. জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
৫. অফিস কপি।